বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগাঁরগাও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সুত্র নং-বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৪৬৭

তারিখ: ১৭ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ
০২ অক্টোবর, ২০১৭ খ্রিঃ।

# প্রেস বিজ্ঞপ্তী

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও এর নিয়ন্ত্রাধীন বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠান সমূহের সম্মিলিত উদ্যোগে আয়োজিত এবং পুঁজিবাজার নিয়ন্ত্রকদের বৈশ্বিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) এর ঘোষিত কর্মসূচী "World Investor Week-2017 বা বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ-২০১৭" এর শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এম.পি। এই সপ্তাহের মূল বিয়ষবস্তু হচ্ছে বিনিয়োগকারীদের শিক্ষা ও সুরক্ষা।

বাংলাদেশ শিল্পকলা একাডেমীতে অনুষ্ঠিত "বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ-২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ ইউনুসুর রহমান, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডঃ এম. খায়রুল হোসেন, চেয়ারম্যান বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন। উল্লেখ্য, অনুষ্ঠানে বক্তারা বিনিয়োগ শিক্ষা ও সুরক্ষার উপর গুরুত্ব আরোপ করেন এবং অন্যান্য দেশে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহের অভিজ্ঞতার আলোকে বিনিয়োগকারীদের শিক্ষা ও সুরক্ষার কার্যাবলী আরও শক্তিশালী করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ-২০১৭ এবং দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম (Financial Literacy) এর শুভেচ্ছাদূত হিসেবে বিশ্বসেরা ক্রিকেট অলরাউন্ডার জনাব সাকিব আল হাসান কে পরিচয় করিয়ে দেন কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন।

এখানে উল্লেখ্য যে, "বিশ্ব বিনিয়োগ সপ্তাহ-২০১৭" অদ্য ২ থেকে ৮ অক্টোবর ২০১৭ সময়ে সারা বাংলাদেশে বিভিন্ন বিভাগীয় শহরে একযোগে পালিত হচ্ছে। অনুষ্ঠানের শেষে একটি বর্ণাঢ্য র‌্যালী ব্যাপক সংখ্যায় বিনিয়োগকারীদের অংশগ্রহণে শিল্পকলা একাডেমী সংলগ্ন ও আশেপাশের রাস্তা প্রদক্ষিণ করে।

02/10/2017

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

# "Inaugural Ceremony Pictures of World Investor Week  2017".












বিশ্ব
বিনিয়োগকারী
সপ্তাহ ২০১৭
২-৮ অক্টোবর ২০১৭


বিনিয়োগকারী
সপ্তাহ ২০১৭
২-৮ অক্টোবর ২০১৭


শুভ উদ্বোধন
সপ্তাহ ২০১৭


বিশ্ব
বিনিয়োগকারী
সপ্তাহ ২০১৭
শুভ উদ্বোধন ও র‍্যালি


বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭
WORLD INVESTOR WEEK 2017
শুভ উদ্বোধন ও র‍্যালি
প্রধান অতিথি
জনাব আবুল মাল আবদুল মুহিত, এম.পি
মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২ অক্টোবর ২০১৭
বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা।
BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
AAMCMF
BAPLC
CHITTAGONG STOCK EXCHANGE